কোটচাঁদপুরে “শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক” কর্মশালা অনুষ্ঠিত

“শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫-পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় ঝিনাইদহের কোটচাঁদপুরে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

জেলা তথ্য অফিসের আয়োজনে ও কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের সহযোগিতায় গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে দিনব্যাপী এই কর্মশালা অনুষ্ঠিত হয় ।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ ওরিয়েন্টেশন কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। কর্মশালায় সূচনা বক্তব্য রাখেন, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক।

এছাড়াও নিরাপদ মাতৃত্ব মা ও শিশু স্বাস্থ্য পরিচর্জা এবং করোনাকালীন স্বাস্থ্য বিধি সর্ম্পকে আলোচনা করেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডাঃ জান্নাতুল বুশরা।

অনুষ্ঠানে মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, নারী তথ্যসেবা আপা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, শিক্ষক, এনজিও কর্মী, জনপ্রতিনিধি, ইমাম ও মিডিয়া কর্মীরা অংশ গ্রহন করেন।

ঝিনাইদহে ধর্ষণ ও শিশু

নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

দেশব্যাপী নারী ও শিশু নির্যাতনের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন অব্যাহত রয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকালে শহরের বিভিন্ন পয়েন্টে রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এই কর্মসূচীর আয়োজন করে। শহরের এইচএসএস সড়কে জেলা বিএনপি কার্যালয়ের সামনে কর্মসূচীর আয়োজন করে বিএনপি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। এতে জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, সরকারের ব্যার্থতার কারণেই দেশব্যাপী নারী ও শিশু নির্যাতন। সরকার ধর্ষণ-নারী নির্যাতন বন্ধ করতে পারছে না। ব্যার্থতার এই গ্লানি নিয়ে সরকারের পদত্যাগের দাবী জানান তারা।

অপরদিকে, একই দাবিতে শহরের পায়রাচত্বরে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে জলা নাট্য সমন্বয় পরিষদ। ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ সাংস্কৃতিক কর্মীরা অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, জেলা নাট্য সমন্বয় পরিষদের সভাপতি রুবেল পারভেজ, সাধারণ সম্পাদক তারেক হোসেন পল্লব, ঝংকার শিল্পী গোষ্ঠির পরিচালক শান্ত জোয়ার্দ্দার, সিও সংস্থার নির্বাহী পরিচালক সামসুল আলম, ঝিনেদা থিয়েটারের সভাপতি একরামুল হক লিকু, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, বিহঙ্গের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান লিটন, উই এর শরিফা খাতুনসহ অন্যান্যরা।

বক্তারা, ধর্ষণের বিচার আইন সংশোধন করে দ্রুত এবং সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড দেওয়ার দাবী জানান।

ঝিনাইদহের রাধানগর গ্রামে এক যুবককে কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা

ঝিনাইদহের সদর উপজেলার সাগান্না ইউনিয়নের রাধানগর গ্রামের সাজ্জাদুর রহমান শিলু নামে এক যুবককে এলোপাতাড়ি কুপিয়ে জখম করেছে একই গ্রামের কিছু দূর্বৃত্তরা। সাজ্জাদুর রহমান শিলু সাগান্না ইউনিয়নের সাবেক মেম্বার মোঃ শরিফুল ইসলামের বড় ছেলে।

শিলুর বাবা শরিফুল ইসলাম ও প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা যায় গতকাল বৃহস্পতিবার সন্ধ্যার পর নদীর ধারে ওত পেতে থাকা রাধারনগর গ্রামের ওয়াজেদ আলী ছেলে রাজিব, আব্দারের ছেলে আল আমিন, আজ্জেদের ছেলে সিরাজুল ইসলাম ও আব্দার হোসেনসহ বেশ কয়েকজন যুবক ধারালো অস্ত্র দিয়ে মাথায় ও হাতে এলোপাতাড়ি কুপিয়ে জখম করেছে সাজ্জাদুর রহমান শিলুকে।

পূর্বশত্রুতার জেরধরে গ্রামে আধিপত্ত বিস্তারকে কেন্দ্র করে এই ঘটনা ঘটিয়েছে বলে এলাকাবাসীরা জানিয়েছে। তারা আরও জানান থানায় রাজিবের নামে ইফটিজিংসহ একাধিক অভিযোগ রয়েছে।
শিলু বর্তমানে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। মামলার প্রক্রিয়া চলছে বলেও স্বজনদের কাছ থেকে জানা গেছে।

কোটচাঁদপুর সরকারি কলেজ খেলার মাঠে নতুন ভবন নির্মানের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুর সরকারি কে.এম.এইচ কলেজের খেলার মাঠ ক্ষতি করে নতুন ৬ তলা বিশিষ্ট ভবণ নির্মানের প্রতিবাদে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১ টার দিকে কলেজ

বাসষ্ট্যান্ডের প্রধান সড়কে এই মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম জাহিদ, শিক্ষক মহিদুল ইসলাম লাল, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহীন, ক্রীড়া সংগঠক রায়হান চেীধুরী, মিল্লাত হোসেন, কাজী জনি, ও মারুফ হোসেন প্রমূখ।

সমাবেশে বক্তারা কলেজের খেলার মাঠ ক্ষতিগ্রস্থ না করে অন্যস্থানে নতুন ৬ তলা বিশিষ্ট একাডীমিক ভবন নির্মানের দাবী জানান।

উল্লেখ্য, গত ৪ অক্টোবর আনুষ্ঠানিক ভাবে কলেজের নতুন ৬ তলা বিশিষ্ট ভবণের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। কলেজের অধ্যক্ষ প্রফেসর অনুতোষ কুমারের সভাপতিত্বে এ অনুষ্ঠানে ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ৬ তলা ভবন নির্মানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

কোটচাঁদপুরে ধর্ষণকারীর সর্বোচ্চ শাস্তি মৃত্যু দন্ডের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালন

“ধর্ষণ মুক্ত বাংলাদেশ চাই, ধর্ষকের ফাঁসি চাই” এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে সারা বাংলাদেশ ব্যাপী ধর্ষণকারীদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ডের দাবীতে প্রতিবাদ সভা ও মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

গতকতাল বুধবার সকাল ১০ টায় কোটচাঁদপুর মেইন বাসষ্ট্যান্ড এলাকায় কালীগঞ্জ-জীবননগর মহাসড়কে কোটচাঁদপুরের সর্বস্তরের সাধারণ শিক্ষার্থীবৃন্দ ধর্ষণ বিরোধী এই প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন

কর্মসূচীর আয়োজন করে।

মেইন বাসষ্ট্যান্ড এলাকায় কর্মসূচী শেষে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বিক্ষোভ র্যালী নিয়ে মেইন বাজার পায়রা চত্বরে প্রতিবাদ সমাবেশ করে। এসময় শিক্ষার্থীদের হাতে “যুদ্ধ সরকারের বিরুরেদ্ধ না, যুদ্ধটা ধর্ষকের বিরুদ্ধে” “থামাও ধর্ষণ” “ধর্ষণকে না বলুন” “হে রাষ্ট্র আমায় নিরাপত্তা দাও , নয়তো ধর্ষণ পরবর্তী সুষ্ট বিচার দাও” “আমরা সবাই ধর্ষণের বিচার চাই” “ধর্ষকের কোন ছাড় নেই। এমন নানা প্লাকার্ড নিয়ে সড়কে অবস্থান নেয়।

পরে প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, অতি সম্প্রতি সিলেটে নববধূ ধর্ষণ, নোয়াখলীর বেগমগঞ্জে গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতনসহ সারাদেশে ধর্ষণ, নারী ও শিশু নির্যাতন আশংকাজনক ভাবে বেড়ে গেছে। আইনের চোঁখ ফাঁকী দিয়ে অভিযুক্তরা পার পেয়ে যাচ্ছে। এই কারণে সারাদেশে ধর্ষণ, নারী ও শিশু নির্যাতনদের বিচারের আওতায় এনে শাস্তি নিশ্চিত ও সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড করার দাবি জানান।

ঝিনাইদহের সেই প্রতিবন্ধী মা ও তার সন্তানের আশ্রয়দাতাকে প্রধানমন্ত্রীর সহযোগিতা প্রদান

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার মানসিক প্রতিবন্ধী সেই মা ও তার সদ্যজাত কণ্যা শিশু সন্তানের আশ্রয় দাতাকে সহযোগিতা প্রদান করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গতকাল বুধবার সকালে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে প্রধানমন্ত্রীর দেওয়া নগদ ৫৫ হাজার টাকা ও একটি ব্যাটারী চালিত ভ্যান পৌঁছে দেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়াও তিনি সমাজ সেবা ও রোগীকল্যাণ সংস্থা থেকে ২০হাজার

পেয়েছেন বলে জানা গেছে।

এসময় স্থানীয় সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার, কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু, উপজেলা নির্বাহী কর্মকর্তা সুবর্ণা রানী সাহা, চিকিৎসক, সাংবাদিকসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত সপ্তাহে কালীগঞ্জের মায়াধরপুর গ্রামের রাস্তার পাশ থেকে অন্ত:স্বত্তা ও প্রতিবন্ধী নারীকে নিজ বাড়িতে আশ্রয় দেয় ওই গ্রামের দিনমজুর আমজাদ আলী। শুক্রবার কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিবন্ধী একটি ফুটফুটে কণ্যা সন্তানের জন্মদেন।

আশ্রয় দেওয়া ও সন্তান প্রসবের খবর সামাজিক যোগাযোগ মাধ্যমসহ গণমাধ্যমে প্রচার হলে তা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টিগোচর হয়।

এ বিষয়ে জেলা প্রশাসককে তার সার্বিক সহযোগিতার নির্দেশ প্রদাণ করা হয়। প্রধানমন্ত্রী উপহার পেয়ে খুশি দিনমজুর আমজাদ আলী। এদিকে মানসিক প্রতিবন্ধী ও তার কণ্যা সন্তানের শারিরীক অবস্থা এখন ভালো বলে জানিয়েছেন চিকিৎসক।

ঝিনাইদহে পুজামন্ডপে অনুদান বিতরণ ও আইনশৃঙ্খলা বিষয়ক সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে আসন্ন শারদীয় দূর্গপুজা উপলক্ষে পূজামন্ডপ সমূহে সরকারি অনুদান বিতরণ ও আইনশৃঙ্খলা বিষয়ক বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকালে সদর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা অডিটরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর

উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি রানী দত্ত, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন প্রমুখ।

আলোচনা সভা শেষে সদর উপজেলার ৯৩ টি পুজা মন্ডপের নেতৃবৃন্দের হাতে সরকারি অনুদান হিসেবে মন্ডপ প্রতি ৫ শত কেজি চাল প্রদান করা হয়।
এসময় আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইনশৃঙ্খলা বজায় রাখা সহ করোনা পরিস্থিতি স্বাভাবিক রাখতে স্বাস্থ্যবিধি মেনে চলতে সকলের প্রতি আহবান জানানো হয়।

ঝিনাইদহে আবাসিক হোটেল থেকে যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

ঝিনাইদহে রেডিয়েশন নামে একটি আবাসিক হোটেল থেকে ইন্দ্রজিৎ দেবনাথ নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

গত মঙ্গলবার রাতে তার মরদেহ উদ্ধার করা হয়। সে কুষ্টিয়ার মিরপুর উপজেলার বেলগাছি গ্রামের শুসেন দেবনাথের ছেলে।

আবাসিক হোটেলের ম্যানেজার শাহিনুর রহমান জানান, গত ২৭ সেপ্টেম্বর ইন্দ্রিজিৎ নামের এক যুবক ব্যবসায়ীক কারণে হোটেলে ছিট বুকিং নিয়ে থাকতে শুরু করে।

প্রতিদিনের ন্যায় গেল রাত ১০ টার দিকে তার কাছে ভাড়ার টাকা আনতে যায়। সেসময় তার রুমের দরজা ভিতর থেকে বন্ধ দেখে ডাকাডাকি করতে থাকে। অনেক সময় ধরে ভিতর থেকে কোন সাড়া শব্দ না পেয়ে পুলিশকে খবর দেয়। পরে পুলিশ এসে রাতেই দরজা ভেঙ্গে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদরে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার জানান,

লাশ ময়নাতদন্তের জন্য বুধবার সকালে ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট আসলে জানা যাবে এটি হত্যা না আত্মহত্যা ।

স্বামীহারা নীলা বেগম আর কত বয়স হলে পাবে বয়স্ক ভাতা

আর কত বয়স হলে বয়স্ক ভাতা পাবে শৈলকুপার নিলা বেগম।

শৈলকুপা উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের খন্দকবাড়িয়া গ্রামের নিলা বেগম (৮০) আর কত বয়স হলে বয়স্ক ভাতার তালিকায় নাম উঠবে।

অসহায় নিলা বেগম বসবাস করেন একই গ্রামের অবসর প্রাপ্ত শিক্ষক আমানুল্লাহ ঘরের বারান্দায়। স্বামী যাবেদ মন্ডল স্বাধীনতা যুদ্ধের আগে মৃত্যু বরণ করেন।
দীর্ঘদিন অন্যের গৃহকর্মীর কাজ করে নিজের ভরণপোষণ যোগাতেন কিন্তু এখন বয়সের ভারে জরাজীর্ণ অবস্থায় । ৮০বছর বয়সি স্বামীহারা নীলার খবর কেউ আর এখন সেভাবে রাখেনা অন্যের বাড়িতে কাজ করে খাবে সে পরিস্থিতি এখন আর নেই তার।

অসহায় বৃদ্ধা অবস্থায় পড়ে আছে চিকিৎসারও প্রয়োজন তার চিকিৎসা করার মত টাকাও যে তার নাই। বয়সের ভারে চলাচল করতে তার কষ্ট হচ্ছে। প্রতিদিনের খাবার এখন আর প্রতিদিন জুটাতে পারছেনা স্বভাবতই অনেক দিনই তার না খেয়ে কাটছে।

হরিণাকুণ্ডুতে প্লাষ্টিক মোড়ক

ব্যবহারের দায়ে চার ব্যবসায়ীর জরিমানা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পাটজাত মোড়কে বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এর ১৪ ধারায় চার ব্যবসায়ীকে ১১ হাজার টাকা নগদ জরিমানা আদায় করলেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইউএনও সৈয়দা নাফিস সুলতানা ।

গত মঙ্গলবার বিকালে ও গতকাল বুধবার সকালে তিনি উপজেলার বেল্টু মোড় ও পার্বতীপূর বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় ধান চাউল ব্যবসায়ী মসলেম উদ্দীনকে ৩ হাজার, ফজলুর রহমানকে ২ হাজার, মুদী দোকানী মঙ্গল সাধুখাকে ৩ হাজার এবং সুকুমার সরকারকে ৩ হাজার সর্বমোট ১১ হাজার টাকা নগদ জরিমানা আদায় করেন ।

এসময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পাট কর্মকর্তা এ,কে,জেড বারীউল্লাহ, এছাড়াও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কাজে থানা পুলিশের সদস্যরা সহায়তা করেন।